

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

এফই সার্কুলার নং - ০২

১৩ ফাল্গুন, ১৪১০
তারিখ: _____
২৫ ফেব্রুয়ারী, ২০০৮

বৈদেশিক মুদ্রায় লেনদেনের সকল
অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

বৈদেশিক মুদ্রায় ফরওয়ার্ড ও সোয়াপ লেনদেন কার্যক্রম পুস্তকে ।

বৈদেশিক মুদ্রায় ফরওয়ার্ড ও সোয়াপ ক্রয়বিক্রয় কার্যক্রমের বিষয়ে Guidelines for Foreign Exchange Transactions, Vol-1 এর ষষ্ঠ অধ্যায় এবং ২৬ শে অক্টোবর ২০০২ তারিখের ২১ নং এফই সার্কুলারের প্রতি
মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে ।

০২. অনুমোদিত ডিলারদের বৈদেশিক মুদ্রায় ফরওয়ার্ড ও সোয়াপ লেনদেনের গতিধারার পর্যালোচনায় গ্রাহকদের
প্রয়োজনে সূচীত লেনদেনের তুলনায় আন্তঃব্যাংক ভিত্তিতে লেনদেনের (বিশেষতঃ দুই বৈদেশিক মুদ্রায় ক্রস কারেন্সি
ফরওয়ার্ড এবং সোয়াপে) অত্যধিক স্ফীতি পরিলক্ষিত হচ্ছে । গ্রাহকদের প্রয়োজনের সংগে সম্পর্কহীন ফরওয়ার্ড ও
সোয়াপ কার্যক্রমে প্রত্যাশিত অনুকূল আর্থিক ফলাফলের স্তুতিবান পাশাপাশি লোকসানের ঝুঁকি ও সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট
অনুমোদিত ডিলার ব্যাংকের উপর বর্তায়, সুষ্ঠু ঝুঁকি ব্যবস্থাপনার সুনির্দিষ্ট নিয়ন্ত্রণ কাঠামোর অবর্তমানে এধরণের ঝুঁকিতে
জড়িত হওয়া অনভিপ্রোত এবং পরিহার্য ।

০৩. বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে আন্তঃব্যাংক ওয়ার্কিং ফ্রপের প্রণীত এবং ৭ই অক্টোবর ২০০৩ তারিখের ১৭
নং বিআরপিডি সার্কুলারের মাধ্যমে জ্ঞাপিত গাইডলাইনস এর ভিত্তিতে সুষ্ঠু বিনিয়য় হার ঝুঁকি ব্যবস্থাপনার যথাযথ প্রবর্তন
ও অনুসরণ বাংলাদেশ ব্যাংকের সন্তুষ্টি মোতাবেক সম্পূর্ণ না হওয়া পর্যন্ত নতুন ক্রস কারেন্সি ফরওয়ার্ড ও সোয়াপ
লেনদেন চুক্তি কেবলমাত্র গ্রাহকদের লেনদেনের প্রয়োজনেই সম্পাদনযোগ্য হবে । ইতোপূর্বে সম্পাদিত গ্রাহক প্রয়োজনের
সঙ্গে সম্পর্কহীন ফরওয়ার্ড ও সোয়াপ চুক্তিগুলো মেয়াদপূর্তিতে আর কোন নবায়ন ব্যতিরেকে ক্রয় বা বিক্রয় দায়
পরিপালন করে সম্পূর্ণ করতে হবে ।

অনুগ্রহীকৃত প্রাপ্তি স্বীকার করবেন, এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(এ.টি.এম, নাসিরউদ্দিন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯১২০৬৬৮